

التَّوَابُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৮০ তম নাম 'التَّوَابُ' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'التَّوَابُ' শব্দের মূল ت - و - ب , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৮৭ বার এসেছে। অনুশোচনা করে সঠিক পথে ফিরে আসা, অনুশোচনা কবুলকারী অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ التَّوَابُ অর্থ: 'তিনি তওবা কবুলকারী'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمِينَ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَا أُمَّةً مُسْلِمَةً لَكَ وَأَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا
إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ ﴿٢٨﴾

আমাদের প্রভু, আমাদের দু'জনকেই (ইব্রাহিম ও ইসমাইল) তোমার প্রতি মুসলিম বানাও, আর আমাদের বংশধরদের থেকেও তোমার প্রতি একটি মুসলিম উম্মাহ (অনুগত জাতি) বানাও। আমাদেরকে আমাদের ইবাদত পদ্ধতি শিখিয়ে দাও এবং আমাদের অনুশোচনা গ্রহণ করে আমাদের ক্ষমা করো। নিশ্চয়ই তুমি অনুশোচনা গ্রহণকারী, অতীব দয়াবান। (সূরা আল বাকারা: আয়াত নং ১২৮)

فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ إِنَّهُ كَانَ تَوَّابًا ﴿٣﴾

তখন তোমার প্রভুর প্রশংসা ও কৃতজ্ঞতা প্রকাশ করো এবং ক্ষমা প্রার্থনা করো। নিশ্চয়ই তিনি তওবা কবুলকারী। (সূরা আন নাসর: আয়াত নং ৩)

মুসলিম শরীফের হাদীস:

من ستر مسلما ستره الله في الدنيا والآخرة -

যে তার মুসলিম ভাইয়ের দোষ ঢেকে রাখে, আল্লাহ দুনিয়া ও আখেরাতে তার দোষ ঢেকে রাখবেন।

বুখারী শরীফের হাদীস:

রাসূল সা: বলেন, আল্লাহর কসম, আমি প্রতিদিন সত্তরের অধিক বার তাওবা করি এবং আল্লাহর নিকট গুনাহ মাফ চাই।

মুসলিম শরীফের হাদীস:

রাসূল সা: বলেছেন: আল্লাহ তা'আলা পশ্চিম দিকে থেকে সূর্যোদয় না হওয়া পর্যন্ত (কিয়ামত পর্যন্ত) প্রতি রাতে তাঁর ক্ষমার হাত প্রসারিত করতে থাকবেন, যাতে করে দিনের গুনাহগার তওবা করে। আর তিনি দিনে তাঁর হাত প্রসারিত করতে থাকবেন, যাতে রাতের গুনাহগার তওবা করে।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! ভুল আমাদের হয়ে যাবে, অন্যায় আমরা করে ফেলবো; তবে আল্লাহ **التواب** তিনি তওবা কবুলকারী। আমরা তাঁর কাছে অনুশোচনা করে ক্ষমা চাই। নিশ্চয়ই তিনি আমাদের তওবা কবুল করবেন। আমরা আল্লাহর সাথে কাউকে শরিক না করি। আল্লাহর সাহায্য আমরা প্রার্থনা করি।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।